

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯৯৩

৩৭/ निक्षा সম্পर्कीय (کتاب النوم)

পরিচ্ছেদঃ ৮. সকাল বেলা কোন দু'আ পড়বে- সে সস্পর্কে।

باب مَا يَقُولُ إِذَا أُصْبَحَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، وَوُهَيْبٌ، نَحْوَهُ عَنْ سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ أَبِي عَائِشٍ، - وَقَالَ حَمَّادٌ عَنْ أَبِي عَيَّاشٍ، - أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ أَبِي عَائِشٍ، - وَقَالَ حَمَّادٌ عَنْ أَبِي عَيَّاشٍ، - أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ إِذَا أَصِبْحَ لَا إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ كَانَ لَهُ عِدْلُ رَقَبَةٍ مِنْ وَلَد إِسْمَاعِيلَ وَكُتِبَ لَهُ عَشْرُ حَسَنَاتٍ وَحُطَّ عَنْهُ عَشْرُ مَسَيَّاتٍ وَرُفِعَ لَهُ عَشْرُ دَرَجَاتٍ وَكَانَ فِي حِرْزٍ مِنَ الشَّيْطَانِ حَتَّى يُمْسِيَ وَإِنْ قَالَهَا إِذَا أَمْسَى كَانَ لَهُ مِثْلُ ذَلِكَ حَتَّى يُصْبِحَ " . قَالَ فِي حَدِيثِ حَمَّادِ فَرَأَى رَجُلٌ رَسُولَ اللّهِ أَمْسَى كَانَ لَهُ مِثْلُ ذَلِكَ حَتَّى يُصْبِحَ " . قَالَ فِي حَديثِ حَمَّادِ فَرَأَى رَجُلٌ رَسُولَ اللّهِ عَلَى مَعْنَا يَرَى النَّائِمُ فَقَالَ يَا رَسُولَ اللّهِ إِنَّ أَبَا عَيَّاشٍ يُحَدِّثُ عَنْكَ صَلَى الله عليه وسلم فِيمَا يَرَى النَّائِمُ فَقَالَ يَا رَسُولَ اللّهِ إِنَّ أَبَا عَيَّاشٍ يُحَدِّثُ عَنْكَ بَكَ الله عليه وسلم فِيمَا يَرَى النَّائِمُ فَقَالَ يَا رَسُولَ اللّهِ إِنَّ أَبَا عَيَّاشٍ مُ حَدْقَوْ وَمُوسَى النَّ مُعَنْذٍ وَمُوسَى وَعَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ عَنْ سُهَيْلٍ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ عَائِشٍ .

বাংলা

৪৯৯৩. মূসা ইবন ইসমাঈল (রহঃ) আবূ আয়্যাশ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি সকাল বেলা বলবেঃ আল্লাহ্ ছাড়া আর কোন ইলাহ নেই, তিনি একক, তাঁর কোন শরীক নেই, বাদশাহী তাঁরই, সমস্ত প্রশংসা তাঁরই, তিনি সব কিছুর উপর সর্ব শক্তিমান, সে ব্যক্তি ইসমাঈল (আঃ)-এর বংশের একটা গোলাম আযাদ করার ন্যায় ছাওয়াব পাবে। আর তার জন্য দশটি নেকী লেখা হবে, দশটি গুনাহ মাফ করা হবে এবং তার মর্যাদা দশগুণ বৃদ্ধি করা হবে, সে শয়তানের ক্ষতি থেকে সন্ধ্যা পর্যন্ত নিরাপদ থাকবে। আর যে ব্যক্তি সন্ধ্যায় এরূপ বলবে, সে সকাল পর্যন্ত এরূপ ছাওয়াব পাবে।

রাবী হাম্মাদ (রহঃ) বলেছেনঃ এক ব্যক্তি স্বপ্নে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখে জিজ্ঞাসা করেনঃ ইয়া রাসূলাল্লাহ! আবূ আয়্যাশ (রহঃ) আপনার থেকে এরূপ হাদীছ বর্ণনা করেন, (ইহা কি সত্য?) তিনি বলেনঃ আবু আয়্যাশ সত্য বলেছে। ইমাম আবু দাউদ (রহঃ) বলেনঃ এ হাদীছ ইসমাঈল ইবন জা'ফর, মুসা রফঈ,



আবদুল্লাহ্ ইবন জা'ফর (রহঃ) সুহায়ল (রহঃ) থেকে; তিনি তার পিতা থেকে, তিনি ইবন আইশ (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

English

Narrated AbuAyyash:

The Messenger of Allah (ﷺ) said: If anyone says in the morning: "There is no god but Allah alone Who has no partner; to Him belong the dominions, to Him praise is due, and He is Omnipotent," he will have a reward equivalent to that for setting free a slave from among the descendants of Isma'il. He will have ten good deeds recorded for him, ten evil deeds deducted from him, he will be advanced ten degrees, and will be guarded from the Devil till the evening. If he says them in the evening, he will have a similar recompense till the morning.

The version of Hammad says: A man saw the Messenger of Allah (ﷺ) in a dream and said: Messenger of Allah! AbuAyyash is relating such and such on your authority.

He said: AbuAyyash has spoken the truth.

Abu Dawud said: Isma'il b. Ja'far, Musa al-Zim'i and 'Adb Allah b. Ja'far transmitted it from Suhail, from his father on the authority of Ibn 'A'ish.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন